২৭

ইত্তেফাক

পৃষ্ঠা ২০ কলাম ৪

# ড. সফিউল্লাহ বুয়েটের নতুন ভিসি

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

অধ্যাপক ড. এ এম এম সফিউল্লাহ বুধবার আগামী ৪ বছরের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন। ড. সফিউল্লাহ বুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক। ড. সফিউল্লা অধ্যাপক ড. মোঃ আলী মুর্ত্তাজার স্থলাভিষিক্ত হলেন। গতকাল ছিল তার ৪ বছর কার্যকালের শেষদিন।

উল্লেখ্য, নতুন ভিসি ১৯৪৭ সালের ১৭ আগস্ট ময়মনসিংহ জেলার পাকুন্দিয়া থানাধীন দরদরা গ্রামে জন্মগ্রহণ করেন। তার পিতা মোহাম্মদ কেরামত আলী। তিনি ১৯৬৩ সালে ফৌজদারহাট ক্যাডেট কলেজ থেকে প্রথম বিভাগে এসএসসি ও (১৯শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ড. সফিউল্লাহ

(২০শ পৃঃ পর)

১৯৬৫ সালে এইচএসসি পাস করেন। ১৯৬৯ সালে বুয়েট থেকে পুরকৌশল বিভাগ থেকে প্রথম বিভাগে স্নাতক ডিগ্রি লাভ করেন। তিনি বুয়েট থেকে ১৯৭৭ সালে জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন ও ১৯৮১ সালে যুক্তরাজ্য থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। তার সহধর্মিণী উচ্চ শিক্ষিতা। তিনি এক ছেলে ও এক মেয়ের জনক।

এদিকে ২৯ জুলাই থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যাওয়া বুয়েট কবে খুলবে এ ব্যাপারে